

প্রতিদিন

23 November, 2013

বেলভিউ ক্লিনিকে হাঁটুর অ্যাস্থোপ্লাস্টি

■ হাঁটুর সমস্যা সমাধানে নতুন দিগন্ত বেলভিউ ক্লিনিকে। সম্প্রতি এখানে চালু হল কম্পিউটার পরিচালিত হাঁটুর অ্যাস্থোপ্লাস্টি। সবচেয়ে উন্নত চিকিৎসা পদ্ধতির মধ্য দিয়ে রোগীদের এই পরিষেবা দেওয়া হবে বলে জানিয়েছেন বেলভিউ-এর হাঁটু প্রতিস্থাপন বিভাগের প্রধান ডাঃ সন্তোষ কুমার। ডাক্তারদের দাবি, সাধারণত হাঁটুতে অস্ত্রোপচারের পরে তিনদিনের মধ্যে রোগী নিজেই পায়ে দাঁড়াতে পারে। হাঁটুতে পারে চারদিনের দিন। কিন্তু হাঁটুতে অ্যাস্থোপ্লাস্টির পরে অস্ত্রোপচারের দিনেই রোগী উঠে দাঁড়াতে পারবে। কাজে যোগ দিতে পারবে কয়েকদিনের মধ্যেই। এমনকী অ্যাস্থোপ্লাস্টির সময় রক্তপাতও তুলনায় অনেক কম হয়।